বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)-৭৮০০ জে,

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২-এ কর্মরত "বেঞ্চ সহকারী" জনাব তপন কুমার মন্ডল-এর জটিল কিডনি রোগের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা জজ কার্যালয়, মানিকগঞ্জ-এর স্মারক নং- ডিজে/মানিক/প্রশাঃ/২৫১/২০২৫ তারিখ-২১.০৭.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব তপন কুমার মন্ডল আবেদনে উল্লেখ করেছেন যে, মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২-এ "বেঞ্চ সহকারী" পদে কর্মরত আছেন। তিনি তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তার কন্যা পঞ্চম শ্রেণীতে ও পুত্র দ্বিতীয় শ্রেণীতে অধ্যয়নরত রয়েছে। তিনি বর্তমানে জটিল কিডনী রোগে আক্রান্ত। তার দুটি কিডনিই বিকল হয়ে গিয়েছে। বর্তমানে তিনি ল্যাব এইড হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা-তে ইন্টারনাল মেডিসিন ও কিডনি রোগ বিশেষজ্ঞ প্রফেসর ড. মুহাম্মদ রফিকুল আলম-এর অধীনে চিকিৎসাধীন আছেন এবং তার ডায়ালাইসিস চলছে। সপ্তাহে দুই বার ডায়ালাইসিস করে অবস্থার তেমন উন্নতি না হওয়ায় চিকিৎসক তার চিকিৎসা প্লানে উল্লেখ করেছেন যে, ডায়ালাইসিস করে বেঁচে থাকার সম্ভাবনা একেবারেই ক্ষীন বিধায় কিডনি ট্রান্সপ্লান্ট অতীব জরুরী যা অত্যন্ত ব্যয়বহুল। এ পর্যন্ত তার প্রায় ১০ (দশ) লক্ষ টাকা চিকিৎসা বাবদ খরচ হয়ে গিয়েছে। তার হাতে পরবর্তী চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত কোনো অর্থ নেই। ফলে, তার পক্ষে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে নেওয়া বা কিডনি ট্রান্সপ্লান্ট করা একেবারেই অসম্ভব বিধায় তার চিকিৎসার জন্য বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সাহায্যের প্রার্থনা জানিয়েছেন।

০২। এমতাবস্থায়,মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২-এ কর্মরত "বেঞ্চ সহকারী" জনাব তপন কুমার মন্ডল-এর কিডনি রোগে আক্রান্ত হওয়ায় ব্যয়বহুল সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
**তপন কুমার মন্ডল**
সোনালী ব্যাংক পি.এল.সি, মানিকগঞ্জ শাখা,মানিকগঞ্জ।
একাউন্ট নং-৪৫০৬০০২১৯৫৭৯৬
মোবাইল নং-০১৯১৪-১২২০৭২ (বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)- ৭৮০০(১-৪৫) জে,

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ -----------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------------------------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------------ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- ---------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল..................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

(এস.এম. সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

বিচার শাখা
এন্ট্রি নং- ৯৯২
তারিখঃ ৩১/০৮/২০২৫

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- ২২৬৮৯ তারিখঃ 27 AUG 2025

অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/কথা বলুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
মানিকগঞ্জ।

স্মারক নং-/ডিজে/মানিক/প্রশাঃ/ ২৫১ /২০২৫,

তারিখ ঃ ০৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ।
২১ জুলাই ২০২৫ খ্রিস্ট্রাব্দ।

প্রেরক ঃ লিয়াকত আলী মোল্লা
সিনিয়র জেলা জজ, মানিকগঞ্জ।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা।

বিষয় ঃ **অত্র ম্যাজিস্ট্রেসির বেঞ্চ সহকারী জনাব তপন কুমার মন্ডল এর কিডনি ট্রান্সপ্লান্ট বিষয়ে আর্থিক সহায়তার জন্য দাখিলকৃত আবেদন অগ্রগামী করণ প্রসঙ্গে।**

28 AUG 2025

সূত্র ঃ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মানিকগঞ্জ-এর কার্যালয়ের ২০/০৭/২০২৩ খ্রিঃ তারিখের সিজেএম/ মানিক/জেএম-৫৬৯ /২০২৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারক অনুযায়ী অত্র ম্যাজিস্ট্রেসির বেঞ্চ সহকারী জনাব তপন কুমার মন্ডল এর কিডনি ট্রান্সপ্লান্ট বিষয়ে আর্থিক সহায়তার জন্য দাখিলকৃত তাঁর স্ব-ব্যাখ্যায়িত আবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

বিনীত

(লিয়াকত আলী মোল্লা)
সিনিয়র জেলা জজ,
মানিকগঞ্জ।

সংযুক্তিঃ
ক) আবেদনসহ অন্যান্য কাগজপত্র- ১০২ ফর্দ।

জ্ঞাতার্থে বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ
০১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।

বরাবর

মাননীয় রেজিষ্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
মানিকগঞ্জ।

মাধ্যম ঃ মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

মাধ্যম ঃ মাননীয় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২
মানিকগঞ্জ।

বিষয় ঃ কিডনি ট্রান্সপ্লান্ট বিষয়ে আর্থিক সহায়তার জন্য আবেদন।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২, এ "বেঞ্চ সহকারী" পদে কর্মরত আছি। আমি আমার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। আমার কন্যা পঞ্চম শ্রেণীতে ও পুত্র দ্বিতীয় শ্রেণীতে অধ্যয়নরত রয়েছে। আমি বর্তমানে জটিল কিডনী রোগে আক্রান্ত। আমার দুটি কিডনিই বিকল হয়ে গিয়েছে। বর্তমানে আমি ল্যাব এইড হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা-তে ইন্টারনাল মেডিসিন ও কিডনি রোগ বিশেষজ্ঞ প্রফেসর ডঃ মুহাম্মদ রফিকুল আলম মহোদয়ের অধীনে চিকিৎসাধীন রয়েছি এবং আমার ডায়ালাইসিস চলছে। সপ্তাহে দুই বার ডায়ালাইসিস করে অবস্থার তেমন উন্নতি না হওয়ায় চিকিৎসক মহোদয় আমার চিকিৎসা প্লানে উল্লেখ করেছেন যে, ডায়ালাইসিস করে বেঁচে থাকার সম্ভাবনা একেবারেই ক্ষীন বিধায় কিডনি ট্রান্সপ্লান্ট অতীব জরুরী যাহা অত্যন্ত ব্যয়বহুল। এপর্যন্ত আমার প্রায় ১০(দশ) লক্ষ টাকা চিকিৎসা বাবদ খরচ হয়ে গিয়েছে। আমার হাতে পরবর্তী চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত কোন অর্থ নেই। এমতাবস্থায়, আমার পক্ষে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে নেওয়া বা কিডনি ট্রান্সপ্লান্ট করা একেবারেই অসম্ভব বিধায় বিচার বিভাগের একজন সাধারন কর্মচারী হিসাবে মহোদয়ের মাধ্যমে বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীগনের নিকট সদয় আর্থিক সাহায্যের আবেদন করছি।

অতএব, হুজুর সমীপে বিনীত আরজ উপর্যুক্ত অবস্থা বিবেচনা সাপেক্ষে আমার জীবন বাঁচানোর লক্ষ্যে মানবিক কারনে আর্থিক সাহায্য প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখঃ ২৫।০৭।২৫

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত
তপন কুমার মন্ডল
(তপন কুমার মন্ডল)
বেঞ্চ সহকারী
জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০২
মানিকগঞ্জ।

আর্থিক সাহায্য পাঠানোর ঠিকানা ঃ
তপন কুমার মন্ডল
সঞ্চয়ী হিসাব নম্বর-৪৫০৬০০২১৯৫৭৯৬
সোনালী ব্যাংক, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।
বিকাশ (পার্সোনাল)- ০১৯১৪-১২২০৭২

সংযুক্ত ঃ
১। আবেদনপত্র-০৩ সেট।
২। এন.আই.ডি ফটোকপি-০৩ ফর্দ্দ।
৩। রোগ নির্নয় ও চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের
ফটোকপি- ৩১৬ ফর্দ্দ।